Let-01.01.15

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

নম্বর-এনসিটিবি/শি:উ:/২৬৫/২০১০/৬-৭৪ তারিখ: ২৯/৮/২০১৫ খ্রি:

বিষয় : **পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী উচ্চ মাধ্যমিক বাংলা ২য় পত্রের প্রশ্নপত্র প্রণয়নের জন্য সুপারিশ সংক্রান্ত সভার কার্যবিবরণী অনুযায়ী ২ (দুই) সেট নমুনা প্রশ্নপত্র প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ এর আলোকে উচ্চ মাধ্যমিক বাংলা ২য় পত্রের প্রশ্নপত্র প্রণয়নের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর তত্বাবধানে বিশেষজ্ঞদের মাধ্যমে সুপারিশ প্রণয়ন করা হয়েছে এবং সেই সুপারিশ অনুযায়ী বিশেষজ্ঞদের দ্বারা ২ (দুই) সেট নমুনা প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। উল্লেখ্য, উচ্চ মাধ্যমিক শ্রেণির নির্বাচনী পরীক্ষা -২০১৫ এবং এইচএসসি পরীক্ষা-২০১৬ এই নমুনা প্রশ্নপত্র অনুযায়ী হবে। আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সভার কার্যবিবরণী ও ০২(দুই) সেট নমুনা প্রশ্ন প্রেরণ করা হলো।

(মোঃ ইমরুল হাসান)
সচিব
ফোন: ৯৫৬৫৬৪৪

বিতরণঃ

১-৯। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/যশোর/বরিশাল/ রাজশাহী/ রংপুর /দিনাজপুর
১০-১৩। সদস্য (অর্থ/পাঠ্যপুস্তক/শিক্ষাক্রম/ প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
১৪। উপ-সচিব (প্রশাসন), এনসিটিবি
১৫। জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম, উর্ধ্বতন বিশেষজ্ঞ, এনসিটিবি (ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৬। পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
১৭। পি এ টু সচিব, এনসিটিবি
১৮। সংরক্ষণ নথি

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
পাঠ্যপুস্তক ভবন
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা ১০০০

তারিখ : ২৭শে জুলাই ২০১৫

বিষয় : পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী উচ্চ মাধ্যমিক শ্রেণির বাংলা ২য় পত্রের প্রশ্নপত্র প্রণয়নের সুপারিশ সংক্রান্ত সভার কার্যবিবরণী :

সভাপতি : অধ্যাপক মো. মশিউজ্জামান, সদস্য (শিক্ষাক্রম)

পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী উচ্চ মাধ্যমিক শ্রেণির বাংলা ২য় পত্রের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজনে শিক্ষাক্রমে নির্ধারিত শিখনফল প্রতিফলনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের শিক্ষকগণের কিছু পর্যবেক্ষণ ছিলো। সেই পর্যবেক্ষণ, নম্বর বিভাজন এবং শিক্ষাক্রমের শিখনফল যেন প্রশ্নপত্রে প্রতিফলিত হয় সে বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি মত বিনিময় সভা অধ্যাপক মো. মশিউজ্জামান, সদস্য (শিক্ষাক্রম) এর সভাপতিত্বে আয়োজন করা হয়। মত বিনিময় সভায় সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে কিছু সুপারিশ নির্ধারণ করা হয়। সুপারিশসমূহ নিম্নরূপ :

ব্যাকরণ অংশ

১। উচ্চারণের যে কোন ৫টি নিয়ম লিখতে হবে।
এর বিকল্পে ৮টি শব্দের মধ্যে ৫টি শব্দের উচ্চারণ লিখতে হবে।
২। বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানরীতির যে কোনো ৫টি নিয়ম লিখতে হবে।
এর বিকল্পে ৮টি ভুল বানানের শব্দকে শুদ্ধ বানানে লিখতে হবে।
৩। বিভিন্ন শব্দশ্রেণি (বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া, ক্রিয়া বিশেষণ, আবেগ শব্দ, যোজক, অনুসর্গ) থেকে একটি বর্ণনামূলক প্রশ্নের উত্তর দিতে হবে।
এর বিকল্পে প্রদত্ত অনুচ্ছেদ থেকে একটি নির্দিষ্ট শব্দশ্রেণি চিহ্নিত করতে হবে।
৪। উপসর্গ, প্রত্যয় ও সমাসের মধ্যে যে কোনো ২টি পাঠ হতে প্রশ্ন থাকবে এবং ১টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নেই ৮টির মধ্যে ৫টির উত্তর দিতে হবে।
৫। বাক্যতত্ত্ব অংশ থেকে একটি বর্ণনামূলক প্রশ্নের উত্তর দিতে হবে।
এর বিকল্পে ৮টি বাক্যের মধ্যে ৫টির বাক্যান্তর করতে হবে।
৬। ৮টি অশুদ্ধ বাক্যের মধ্যে ৫টিকে শুদ্ধ করতে হবে।
এর বিকল্পে একটি অনুচ্ছেদে বিদ্যমান অপপ্রয়োগসমূহ শুদ্ধ করতে হবে ।

নির্মিতি অংশ

১। ১৫টি বিদেশী শব্দের মধ্যে ১০টির বাংলা পারিভাষিক রূপ লিখতে হবে।
এর বিকল্পে ১টি ইংরেজি ভাষার অনুচ্ছেদকে বাংলা ভাষায় অনুবাদ করতে হবে।
২। ঘটনাসমৃদ্ধ পুরো ১টি দিনকে অবলম্বন করে ১টি দিনলিপি রচনা করতে হবে অথবা কোনো ১টি সুনির্দিষ্ট বিষয়ে (দিবস উদযাপন, ঐতিহাসিক স্থান পরিদর্শন ইত্যাদি) অভিজ্ঞতা বর্ণনা করতে হবে।
এর বিকল্পে, ১টি ভাষণ বা প্রতিবেদন লিখতে হবে।
৩। একটি বিশেষ উৎসব বা উপলক্ষ (ঈদ, নববর্ষ ইত্যাদি) অবলম্বন করে ৫টি ক্ষুদে আকারের বাংলা বাক্যে একটি ক্ষুদে বার্তা বা এস এম এস রচনা করতে হবে।
এর বিকল্পে যে কোনো এক প্রকার পত্র লিখতে হবে।
৪। সারাংশ বা সারমর্ম থেকে ১টি প্রশ্ন থাকবে।
এর বিকল্পে ভাবসম্প্রসারণ থেকে ১টি প্রশ্ন থাকবে। যে কোনো ১টির উত্তর দিতে হবে।
৫। কোনো একটি বিশেষ ঘটনা বা পরিস্থিতির আলোকে নাটকের সংলাপের আকারে সংলাপ বা কথোপকথন রচনা করতে হবে।
এর বিকল্পে প্রশ্নে প্রদত্ত একটি গল্পের শিরোনাম বা দৃশ্যপট অবলম্বনে একটি ক্ষুদে গল্প রচনা করতে হবে।
৬। যে কোনো ৫টি বিষয়ের ১টি অবলম্বনে একটি প্রবন্ধ লিখতে হবে। (গতানুগতিক মুখস্থনির্ভর এবং তথ্য ভারাক্রান্ত প্রবন্ধের পরিবর্তে শিক্ষার্থীর সৃজনশীলতার প্রতিফলন ঘটবে এমন ধরনের প্রবন্ধ লিখতে দিতে হবে।

পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী
একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা ২য় পত্রের নমুনা প্রশ্নপত্র
(২০১৬ সালে অনুষ্ঠিতব্য উচ্চ-মাধ্যমিক পরীক্ষা থেকে প্রযোজ্য। ২০১৫ সালের উচ্চ-মাধ্যমিক প্রাক-নির্বাচনী এবং নির্বাচনী পরীক্ষায় এই প্রশ্নপত্র নমুনা হিসেবে গ্রহণ করা যায়)

নমুনা প্রশ্ন : ক

১। (ক) বাংলা উচ্চারণের যে কোনো ৫টি নিয়ম লেখ। ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের উচ্চারণ লেখ :
নিঃশেষ, অণু, মাদল, বৈধ, পরী, লক্ষণ, পদ্য, প্রণীত।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের বানানের ৫টি নিয়ম লেখ। ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের বানান শুদ্ধ করে লেখ :
ক্ষীনজিবী, শান্তনা, ক্রিতকার্য, সদ্যজাত, বয়োকনিষ্ঠ, দূরদর্শীতা, ভোগলিক, আশীষ।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা

(খ) নিচের অনুচ্ছেদ থেকে ৫টি বিশেষণ নির্বাচন কর :
সাদা মেঘে আকাশ ছেয়ে আছে। হঠাৎ টিপ টিপ বৃষ্টি শুরু হল। করিম ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করছিল। তার বেখেয়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠল।

৪। (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যে কোনো ৫টি) ৫
যাদুকর, চতুর্ভুজ, বাহুলতা, মধ্যবয়সী, সুকণ্ঠ, সহজাত, জলেস্থলে, লাঠালাঠি।

অথবা

(খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর : (যে কোনো ৫টি)
দর্শনীয়, কর্মী, বৃষ্টি, দোকানদার, সোনালি, দোলনা, ঢাকাই, নায়ক।

৫। (ক) বাক্য কাকে বলে ? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা

(খ) বাক্যান্তর কর : (যে কোনো ৫টি)
(i) এইমাত্র যে এল সে একজন ছাত্র। (সরল)
(ii) কী ভয়ংকর ঘটনা! (নির্দেশাত্মক)
(iii) তার নাম রেশমা। (জিজ্ঞাসাসূচক)
(iv) তোমার যাওয়াই উচিত। (অনুজ্ঞাসূচক)
(v) লোকটি ধনী কিন্তু কৃপণ। (সরল)
(vi) সাহসীরাই সফল হয়েছে। (কার্যকারণাত্মক)
(vii) সে সুস্থ নয়। (অস্তিবাচক)
(viii) তুমি অন্যায় করেছ। (নেতিবাচক)

৬। (ক) যে কোনো ৫টি বাক্য শুদ্ধ করে লেখ : ৫
(i) পরবর্তীতে আপনি আবার আসবেন।
(ii) নতুন নতুন ছেলেগুলো স্কুলে বড় উৎপাত করছে।
(iii) আমি আপনার জ্ঞাতার্থে এই সংবাদ লিখিলাম।
(iv) আমি আপনাকে অন্তরের অন্তঃস্থল হতে ধন্যবাদ দিলাম।

(v) অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।

(vi) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হইয়াছে।

(vii) আমার আর বাঁচিবার স্বাদ নাই।

(viii) কারো ফাগুন মাস আর কারো সর্বনাশ।

অথবা

(খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :

বৃষ্টি চলাকালীন সময়ে রাতুল ফিরে এল। সে খুবই সুবুদ্ধিমান। তার আপাদমস্তক পর্যন্ত ভেজা। পোশাক পাল্টানো আবশ্যকীয়। কিন্তু প্রথমেই সে আকন্ঠ ভোজন করিল। তা দেখে রাতুলের মা বিস্মিত হলো। তবে রাতুল নিঃসন্দিহান যে, তার অসুখ হবে না।

৭। (ক) যে কোনো ১০টি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ : ১০

Faculty, Embargo, Adviser, Sabotage, White-paper, Manuscript, Oath, Code, Auditor, Fiction, Index, Quack, Civil war, Boycott, Expert.

অথবা

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর।

Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all our works from our boyhood. Boyhood is the seed time. The habit formed at this time will continue all through our life.

৮। (ক) তোমার মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের দিনের একটি দিনলিপি বা রোজনামচা রচনা কর। ১০

অথবা

(খ) কলেজে নবীনবরণ অনুষ্ঠানের প্রধান অতিথির একটি ভাষণ তৈরি কর।

৯। (ক) বাংলায় এমন একটি ই-মেইল তৈরি কর যা প্রবাসী বন্ধুকে তোমার এলাকা ভ্রমণে উদ্বুদ্ধ করবে। ১০

অথবা

(খ) ডাকযোগে বই প্রেরণের অনুরোধ জানিয়ে একটি প্রকাশনা কেন্দ্রের ম্যানেজার বরাবর ব্যবসায়িক পত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া
যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

অথবা

(খ) ভাব-সম্প্রসারণ কর :

মঙ্গল করিবার শক্তিই ধন, বিলাস ধন নহে।

১১। (ক) শিক্ষা সফর প্রসঙ্গে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০

অথবা

(খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'দুর্ঘটনা' বিষয়ে একটি ক্ষুদে গল্প রচনা কর :

হঠাৎ রিক্সার ডান চাকাটি খুলে দৌড়াতে লাগল। ...

১২। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ :

(ক) বাংলাদেশকে যেমন দেখতে চাই

(খ) তোমার প্রিয় লেখক

(গ) আধুনিক জীবনে তথ্যপ্রযুক্তির প্রভাব

(ঘ) বইপড়ার আনন্দ

(ঙ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী

একাদশ-দ্বাদশ শ্রেণির বাংলা ২য় পত্রের নমুনা প্রশ্নপত্র

(২০১৬ সালে অনুষ্ঠিতব্য উচ্চ-মাধ্যমিক পরীক্ষা থেকে প্রযোজ্য। ২০১৫ সালের উচ্চ-মাধ্যমিক প্রাক-নির্বাচনী এবং নির্বাচনী পরীক্ষায় এই প্রশ্নপত্র নমুনা হিসেবে গ্রহণ করা যায়)

নমুনা প্রশ্ন : খ

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যে কোনো ৫টি নিয়ম লেখ। ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের উচ্চারণ লেখ :

অলি, কাজল, দৈব, এখন, অতঃপর, নদী, ক্ষমা, গদ্য

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের যে কোনো ৫টি নিয়ম লেখ। ৫

অথবা

(খ) যে কোনো ৫টি শব্দের বানান শুদ্ধ কর :

পরিপক্কতা, প্রতীদন্দ্বিতা, আকাংখা, নূন্যতম, কীত্তিবাস, পুরষ্কার, বুদ্ধিজিবী, কৃতদাস

৩। (ক) উদাহারণসহ বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা

(খ) নিচের অনুচ্ছেদ থেকে ৫টি বিশেষ্য পদ চিহ্নিত কর :

রবীন্দ্রনাথ বাংলা ভাষার কবি, বিশ্বকবি। গীতাঞ্জলি কাব্যের জন্য তিনি নোবেল পান। সারা বিশ্বের বিদগ্ধজন্ যেমন আইনস্টাইন, রমারলা, ইয়েটস প্রমুখের সাথে তাঁর বন্ধুত্ব গড়ে উঠেছিল। আবার ইতালির মুসোলিনিকে নিয়ে তিনি এঁকেছিলেন ব্যঙ্গচিত্র।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে' – আলোচনা কর। ৫

অথবা

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর। (যে কোনো ৫টি) :

পুষ্টিকর, ত্রিরত্ন, পথেঘাটে, নীলাকাশ, বদমেজাজী, চাঁদমুখ, কানাকানি, সচিত্র।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থ অনুযায়ী বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা

(খ) বাক্যান্তর কর : (যে কোনো ৫টি)

(i) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)

(ii) যেই না বাইরে বের হলাম অমনি বৃষ্টি শুরু হলো। (সরল)

(iii) তার চাকরিটা হয়ে যাবে। (সন্দেহদ্যোতক)

(iv) সে আজ বাড়ি যাবে না। (প্রশ্নসূচক)

(v) আমি তোমার সফলতা কামনা করি। (প্রার্থনাসূচক)

(vi) যিনি এইমাত্র এলেন তিনি একজন অধ্যাপক। (সরল)

(vii) সুন্দর গল্পটি ভোলা যায়না। (কার্যকারণাত্মক)

(viii) সে আজ কলেজে অনুপস্থিত। (নেতিবাচক)

৬। (ক) যে কোনো ৫টি বাক্য শুদ্ধ করে লেখ : ৫

(i) তিনি আরোগ্য হইয়াছেন।

(ii) সব মাছগুলোর দাম কত?

(iii) আপনি কি আমার স্বপক্ষে না বিপক্ষে?

(iv) ইদানীং কালে তাঁর অবকাশ নেই।

(v) তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।

(vi) বাজারে খাঁটি সরিষার তেল দুর্লভ।

(vii) আবশ্যকীয় বিছানাপত্র সঙ্গে লইয়া আসিবেন।